দৈনিক ইত্তেফাক
পৃষ্ঠা ... কলাম ...

তারিখ 08 JAN 1988
পৃষ্ঠা ... 1 ... কলাম 6 ...



# চট্টগ্রাম ভার্সিটি পুনরায় বন্ধ ঘোষণা

(চট্টগ্রাম অফিস হইতে)

৭ই জানুয়ারী—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে ভাইস চ্যান্সেলর গতকাল মধ্যরাতে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ ১৩(৩) আওতাবলে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করিয়াছেন। ক্যাম্পাসের বাহিরে পুলিশ মোতায়েন করা হইয়াছে। ভাইস চ্যান্সেলর আজ সকালে সর্বশেষ পরিস্থিতি লইয়া সিন্ডিকেটের সাথে ৫ ঘন্টাব্যাপী এক জরুরী সভা করেন। সভায় ভার্সিটি বন্ধ ঘোষণার সিদ্ধান্ত অনুমোদন করা হয়, এবং সকল প্রভোষ্ট ও প্রোক্টরকে যৌথভাবে হলে অবস্থানকারীদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে তাহাদের হল ত্যাগের অনুরোধ জানাইতে হইবে বলিয়া সিদ্ধান্ত লওয়া হয়।

আগামীকাল বিকালে সিন্ডিকেটের মুলতবী সভায় আলোচক-

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বন্ধ ঘোষণা

(১ম পৃঃ পর)

গণ এ ব্যাপারে রিপোর্ট করিবেন এবং উহার ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণেরও সিদ্ধান্ত নেওয়া হয়। এদিকে গতকাল গুলীতে আহত দুইজনের নাম জানা গিয়াছে। তাহারা হইতেছে: হুমায়ুন রশীদ (ঠিকাদারের সুপারভাইজার) ও মোহাম্মদ এনাম। হুমায়ুন রশীদ চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক বিবৃতিতে ভাইস চ্যান্সেলরের ভার্সিটি বন্ধের সিদ্ধান্তকে অগণতান্ত্রিক ও উদ্দেশ্যমূলক বলিয়া অভিহিত করিয়াছে। তাহারা অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলিয়া দিয়া শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষক-ছাত্র, কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে শিক্ষা পরিবেশ পরিষদ গঠনের আহ্বান জানাইয়াছে।

চট্টগ্রাম শিক্ষক পরিষদ অপর এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয় হলে অস্ত্রধারীদের জোরপূর্বক অনুপ্রবেশ ও অবস্থান গ্রহণের ঘটনা এবং ভাইস চ্যান্সেলর কর্তৃক বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সংবাদে উদ্বেগ প্রকাশ করিয়াছেন। তাহারা অবিলম্বে ক্যাম্পাসে অবৈধভাবে অনুপ্রবেশকারীদের বহিষ্কার করিয়া বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সরকারী প্রশাসনের নিকট দাবী জানান।

বাসস জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর বিশ্ববিদ্যালয় খোলার তারিখ অনির্দিষ্টকালের জন্য পিছাইয়া দিয়াছেন। তিনি জানান যে, বিশ্ববিদ্যালয়ের হলসমূহ খোলার একদিন পূর্বে অর্থাৎ গত বুধবার একদল সশস্ত্র ব্যক্তি একটি হল জোরপূর্বক দখল করিয়া নেয়। উল্লেখ্য, আগামীকাল (শনিবার) বিশ্ববিদ্যালয় খোলার কথা ছিল।